



বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +৮৮-০২-৪১০২০২৮০, ৪১০২০২৮১, ৪১০২০২৮২, ৪১০২০২৮৩, ফ্যাক্স : ৮৮-০২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org

তারিখ: ১৬ নভেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

সংগ্রামী ট্রেড ইউনিয়ন নেতা ও বিল্‌স উপদেষ্টা পরিষদ সদস্য গোলাম সান্তার এর মৃত্যুতে বিল্‌স এর শোক প্রকাশ

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর উপদেষ্টা পরিষদ সদস্য, বাংলাদেশ শ্রমিক ফেডারেশনের সভাপতি, সংগ্রামী ট্রেড ইউনিয়ন নেতা গোলাম সান্তার আজ মঙ্গলবার, ১৬ নভেম্বর ২০২১, সকালে, চিকিৎসাধীন অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৩ বছর। তিনি দুই ছেলে, স্ত্রী, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, সহকর্মীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।



গোলাম সান্তারের মৃত্যুতে বিল্‌স পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ এবং মহাসচিব নজরুল ইসলাম খান বলেন, তাঁর মৃত্যুতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ট্রেড ইউনিয়ন আন্দোলনের অপূরণীয় ক্ষতি হয়েছে। তারা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বলেন গোলাম সান্তার সারাজীবন মেহনতি মানুষের কল্যাণে কাজ করে গেছেন। নেতৃত্বদ গোলাম সান্তারের শোকাক্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

বার্তা প্রেরক

মামুন অর রশিদ
তথ্য কর্মকর্তা, বিল্‌স
০১৯১৪৮৯১২২৩